দৈনিক খবর

তারিখ: ২৯/৮/৯১
পৃষ্ঠা: ২ কলাম: ২

# পরীক্ষায় দুর্নীতি রোধে শাস্তির

প্রথম পৃষ্ঠার পর

ভুয়া পরীক্ষার্থীকে সর্বনিম্ন দু'বছর ও সর্বোচ্চ ৫ বছর, প্রশ্নপত্র ফাঁস করার মত ঘৃণ্য অপরাধে নূন্যতম ৪ বছর ও সর্বোচ্চ ১০ বছর, ভুয়া মার্কশীট, ভুয়া সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী প্রদানের জন্য ন্যূনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর, উত্তরপত্র পরিবর্তন অথবা অবৈধভাবে সংযোজনের জন্য ন্যূনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর ও পরীক্ষায় নকল সরবরাহকারীর জন্য নূন্যতম ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর এবং পরীক্ষা অনুষ্ঠানে বাধা প্রদান অথবা পরীক্ষা কেন্দ্রে গোলযোগের জন্য ১ বছর পর্যন্ত কারাদণ্ডের বিধান থাকবে।

সর্বক্ষেত্রে কারাদণ্ড ছাড়াও অর্থদণ্ডের বিধান থাকবে। নকল করার অপরাধে কোন পরীক্ষার্থী দোষী সাব্যস্ত হলে ৩ বছর পর্যন্ত তাকে পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

## লবণ আমদানীর সিদ্ধান্ত

মন্ত্রিপরিষদ সভা অবিলম্বে এক লাখ মেট্রিক টন অবিচূর্ণ লবণ আমদানীরও সিদ্ধান্ত গ্রহণ করে। এই এক লাখ মেট্রিক টন বিচূর্ণ লবণ মিল মালিক সমিতির সঙ্গে আলোচনাক্রমে বিসিক কর্তৃক নির্বাচিত প্রকৃত ও প্রতিষ্ঠিত লবণ মিল মালিকগণ আমদানী করবেন। কি মূল্যে মিল মালিকগণ পাইকারী বিক্রেতাদের কাছে আমদানীকৃত অবিচূর্ণ লবণ পরিশোধন করে অমিশ্রিত নির্ভেজাল অবস্থায় বিক্রি করবেন তা লবণ মিল মালিক সমিতি বিসিক-এর সঙ্গেই আলোচনাক্রমে স্থির করবে।

বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বের নির্দেশে টিসিবি ৫০ হাজার মেট্রিক টন বিচূর্ণ ও ৫০ হাজার মেট্রিক টন অবিচূর্ণ লবণ আমদানীর জন্য দরপত্র আহবান করেছে। সংবেদনশীল এই পণ্যের অযৌক্তিক মূল্য বৃদ্ধির প্রচেষ্টার বিরুদ্ধে কার্যকর পদক্ষেপ হিসেবে বিচূর্ণ ৫০ হাজার মেট্রিক টন লবণ আমদানী অব্যাহত থাকবে।

112